

ফাতওয়া নাম্বার: ২৩১

প্রকাশকাল: ২৪-০১-২০২২ ইং

সুদি লোন নিয়ে ব্যবসা করার হুকুম কী?

প্রশ্ন:

আমি পোলট্রি ব্যবসা করার কথা ভাবছি এবং এ উদ্দেশ্যে কিস্তিতে কিছু সুদি লোন নেয়ার ইচ্ছা করছি। এখন আমার জানার বিষয় হল, এভাবে সুদি লোন নিয়ে ব্যবসা করা কি জাযিয় হবে?

প্রশ্নকারী- আহমেদ

উত্তর:

সুদ নেয়া ও দেয়া উভয়টিই হারাম। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সুদি লেনদেনে জড়িত সকলকে লা' নত করেন। জাবির (রা) থেকে বর্ণিত-

لعن رسول الله - صلى الله عليه وسلم - أكل الربا وموكله و كاتبه وشاهديه وقال هم سواء. - صحيح مسلم، رقم: 4177؛ ط. دار الجيل بيروت + دار الأفاق الجديدة — بيروت

“সুদগ্রহীতা, সুদদাতা, সুদি লেন-দেনের লেখক ও তার স্বাক্ষরীদ্বয়, সকলের উপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লা' নত করেন এবং বলেন, এরা সবাই সমান।” (সহীহ মুসলিম ৪১৭৭)

তাই, পোলট্রি ব্যবসার জন্য বা অন্য কাজের জন্য হোক কিস্তিতে সুদি লোন নেয়া জাযিয় হবে না। দেখুন ফাতাওয়া উসমানী: ১/২৮৫; মিস্বারুত তাওহীদ ওয়াল জিহাদ, মুস্তাদাল আসয়িলাহ: প্রশ্ন নং: ১০/২৪০; আল-ইসলাম, সুওয়াল ও জাওয়াব, ফতোয়া নং: ৯০৫৪; ফাতাওয়া রাহিমিয়্যাহ: ৯/২২৯; কিতাবুন নাওয়াযিল: ১১/৩৩৫

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আল-মাহদি (উফিয়া আনহু)

০৭-০৬-১৪৪৩ হি.

১১-০১-২০২১ ঈ.

